কানাইঘাট থেকে নাজমুল নামে এক প্রতিবন্ধী যুবক ২২ দিন ধরে নিখোঁজ

কানাইঘাট প্রতিনিধি:
কানাইঘাট থেকে গত ২২ দিন ধরে নাজমুল ইসলাম (৩৫) নামে এক প্রতিবন্ধী নিখোঁজ রয়েছেন। নিখোঁজ নাজমুল ইসলামের স্ত্রী মরিয়ম বেগম স্বামীকে কোথাও খোঁজে না পেয়ে গত ৮ মার্চ কানাইঘাট থানায় একটি সাধারন ডায়রী করেন। যার জিডি নং-৩৩৫, তাং-৮/৩/২২ইং। সূত্রে জানা যায় উপজেলার নিজ বাউরভাগ গ্রামের মৃত আরব আলীর পুত্র প্রতিবন্ধী নাজমুল ইসলাম (৩৫) গত ৭ মার্চ সকাল অনুমান ১০টার দিকে তার শ^শুড় বাড়ী বড়চতুল ইউনিয়নের বাগরআগন গ্রাম থেকে স্ত্রী মরিয়ম বেগমকে সাথে নিয়ে নিজ বাড়ীতে ফেরার পথে চতুল বাজারে আসেন। এরপর প্রশ্রাবের কথা বলে নাজমুল ইসলাম নিখোঁজ হন। এর পর থেকে প্রতিবন্ধী নাজমুল অদ্যবধি পর্যন্ত নিখোঁজ রয়েছেন। জিডির দায়িত্বে থাকা থানার এসআই সাইদুল ইসলাম জানিয়েছেন প্রতিবন্ধী নাজমুলের সন্ধানে পুলিশ তৎপর রয়েছে। কোন সহোদর ব্যক্তি তার সন্ধান পেলে নিকটতম থানায় যোগাযোগ করার জন্য তিনি সবার প্রতি আহ্বান জানিয়েছেন।